

অতি জরুরি
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

পত্র সংখ্যা-৩৩.০০.০০০০.১০৯.০৬.০২৫.১৬.৬৮

তারিখঃ ৩০ মাঘ ১৪২৩
১২ ফেব্রুয়ারি ২০১৭

বিষয়ঃ- এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক দ্বিতীয় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

গত ২৯ জানুয়ারি ২০১৭ তারিখ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক দ্বিতীয় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০১ প্রস্থ।

(মোঃ শফিকুল ইসলাম)
উপসচিব

ফোনঃ ৯৫৪০৪০৭।

ই-মেইল: administration-3@mofl.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। অতিরিক্ত সচিব (মৎস্য/ প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রাণিসম্পদ-২) ও জাতীয় শুদ্ধাচার কৌশল ফোকাল পয়েন্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ৭। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ৮। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ৯। উপসচিব (প্রশাসন-২) ও সদস্য-সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। উপসচিব (মৎস্য-১) ও জাতীয় শুদ্ধাচার কৌশল বিকল্প ফোকাল পয়েন্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

সচিবের একান্ত সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক দ্বিতীয় ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মাকসুদুল হাসান খান
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

তারিখ ও সময়: ২৯ জানুয়ারি ২০১৭ খ্রিঃ; বেলা ১২.০০ ঘটিকা।

স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এর সভাপতিত্বে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক দ্বিতীয় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কমিটির সদস্যগণের বিবরণ নিম্নরূপঃ

(১)	ড. মোঃ নজরুল আনোয়ার, অতিরিক্ত সচিব (মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(২)	জনাব অরুন কুমার মালাকার, অতিরিক্ত সচিব (প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(৩)	জনাব দিলদার আহমদ, চেয়ারম্যান (অতিঃ সচিব), বিএফডিসি, কারওয়ান বাজার, ঢাকা।
(৪)	জনাব মোঃ কামরুজ্জামান, যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(৫)	সৈয়দ আরিফ আজাদ, মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা।
(৬)	ডাঃ মোঃ আইনুল হক, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
(৭)	ড. ইয়াহিয়া মাহমুদ, মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
(৮)	ড. তালুকদার নুরুন্নাহার, মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
(৯)	জনাব মোঃ শফিকুল ইসলাম, উপসচিব (প্রশাসন-২) ও সদস্য-সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

২। সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি কর্মক্ষেত্রে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করে জানান যে, বিদ্যমান আইন, সরকারি চাকুরি বিধি, নৈতিকতা ও সঠিকভাবে দেশ প্রেমের বিষয় বিবেচনা করে প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীকে সকল ক্ষেত্রে তা অনুশীলন করতে হবে।

অতঃপর সদস্য-সচিব আলোচ্য বিষয়গুলো ক্রমান্বয়ে সভায় উপস্থাপন করেন।

(১) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত দ্বিতীয় ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদনঃ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত শুদ্ধাচার কৌশল দ্বিতীয় ত্রৈমাসিক প্রতিবেদন (অক্টোবর-ডিসেম্বর) সভায় উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত শুদ্ধাচার কৌশল-এর দ্বিতীয় ত্রৈমাসিক প্রতিবেদন (অক্টোবর-ডিসেম্বর) ভূতাপেক্ষ অনুমোদন করা হয়।

(২) আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে ২০১৬-২০১৭ বছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রেরণঃ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে ২০১৬-২০১৭ বছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রেরণ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও কর্মপরিকল্পনা মোতাবেক শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও ছক মোতাবেক অগ্রগতি প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ করা হয়।

সিদ্ধান্তঃ ২০১৬-২০১৭ বছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা মোতাবেক সকল দপ্তর/সংস্থায় তা বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রশিক্ষণঃ মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থা/দপ্তরসমূহে সকল প্রশিক্ষণ কর্মসূচিতে জাতীয় শুদ্ধাচার কৌশল এর উপর অন্ততঃ একটি সেশন অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ মন্ত্রণালয় ও সকল দপ্তরের প্রশিক্ষণ কর্মসূচিতে জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত সেশন অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১২/০২/২০১৭
(মোঃ মাকসুদুল হাসান খান)
সচিব